



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নংঃ -০৩(১)জাতীঃবিঃ/পরীঃ/তৃতীয় বর্ষ অনার্স/২০১৪/২০১৬/৮২৭

তারিখ : ১১ শ্রাবন ১৪২৩ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফল এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আগামী ২৭/০৭/২০১৬ ইং তারিখ বুধবার সকাল ১০.০০ টা থেকে ১৪/০৮/২০১৬ ইং তারিখ রবিবার বিকাল ২:০০ টা পর্যন্ত Online এ আবেদন করা যাবে এবং ১৪/০৮/২০১৬ ইং তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

পরীক্ষার্থী নিজেই www.nu.edu.bd ওয়েব সাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Pay slip ডাউনলোড করতে পারবে। Pay slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮১০০০০০১৩৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় উপরে উল্লেখিত সময়ের মধ্যে টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। পত্র কোড যথাযথভাবে পূরণ করতে হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ভূত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি কোর্স ৮০০/- (আটশত) টাকা।

বিঃ দ্রঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd থেকে Services গিয়ে সোনালী সেবা পে-স্লিপ ক্লিক করুন তারপর Student fee থেকে Rescruiting fee সিলেক্ট করুন।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।